THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
JOEL I. KLEIN, *Chancellor*

OFFICE OF THE CHANCELLOR
52 Chambers Street - New York, NY 10007

১৬ অক্টোবর, ২০০৭ অবধি হালনাগাদকৃত

প্রাপক: সিনিয়র লিডারশিপ টিম, সকল স্কুল সহায়তা সংগঠন, কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, ডিস্ট্রিক্ট ৭৫ এর সুপারিনটেনডেন্ট, অল্টারনেটিভ হাই স্কুলস্ অ্যান্ড প্রোগ্রামস্ এর সুপারিনটেনডেন্ট, ইন্টিগ্রেটেড সার্ভিস সেন্টার এর নির্বাহী পরিচালক, প্রিন্সিপ্যাল, সিপিএসি প্রেসিডেন্ট, ইউএফটি প্রেসিডেন্ট, সিএসএ প্রেসিডেন্ট

প্রেরক: ক্যাথলিন গ্রিম
ডেপুটি চ্যান্সেলর ফাইন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন

বিষয়: ২০০৭-২০০৮ ওপেন স্কুল উইক পিতামাতা-শিক্ষক বৈঠক

তারিখ: অগাস্ট ৬, ২০০৭

---

১. *ওপেন স্কুল সপ্তাহ*

ওপেন স্কুল সপ্তাহ ১১ নভেম্বর – ১৭ নভেম্বর শেষ হওয়া সপ্তাহে অনুষ্ঠিত হবে। ২০০৭-২০০৮ সালের থিম “সফল পাবলিক স্কুল: একটি মৌলিক অধিকার ও আমাদের দায়িত্ব।” পিতামাতা ও স্কুলের মধ্যকার সম্পর্ক জোরদার করার এটাই সময়। এই সম্পর্ক প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষা সাফল্য নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় গতিশীল নেতৃত্ব গড়ে তুলবে। স্কুলগুলোর উচিত উদ্দীপনাময় কর্মসূচি ও সম্মেলন অনুষ্ঠানের পাশাপাশি এধরনের সামগ্রী ও দৃষ্টান্ত লভ্য করা যা সকল স্তরে ছেলেমেয়ে ও পিতামাতাদের অংশগ্রহণকে উৎসাহিত করবে। স্কুল-সংশ্লিষ্ট সকল কর্মকাণ্ডে পিতামাতাদের অংশগ্রহণকে উৎসাহ দেয়া এবং সকল পিতামাতার জন্য স্কুলের পরিবেশকে আন্তরিক করে তোলার জন্য সকল স্কুল কর্মীকে অবশ্যই কাঁধে কাঁধ মিলিয়ে একত্রে কাজ করতে হবে। পিতামাতাদের শ্রেণিকক্ষ পরিদর্শনের পদ্ধতি প্রতিষ্ঠা এবং সেসব পদ্ধতির কথা উল্লেখ করে বাড়িতে বিজ্ঞপ্তি পাঠানর জন্য কর্মীরা ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট এবং ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসের বরো ডিরেক্টরদের সাথে কাজ করবেন। অধিক অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে সকল বিজ্ঞপ্তি পিতামাতাদের বাড়ির ভাষায় অনুবাদ করা উচিত।

বর্ণিত হালনাগাদের মধ্যে আছে ২য় পৃষ্ঠার প্রথম পাদটিকায় পিতামাতাদের অনুবাদিত বিজ্ঞপ্তি প্রদান এবং “২০০৭-২০০৮ পিতামাতা-শিক্ষক বৈঠকের প্রতিবেদন” (শেষ পৃষ্ঠা) অংশে অনুবাদিত প্রতিবেদনপত্রের উল্লেখ।

২. *পিতামাতা-শিক্ষক বৈঠক*

২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের পিতামাতা-শিক্ষক বৈঠকের সূচি এই পত্রে উল্লেখ করা হয়েছে। পাঠদানের জন্য লভ্য সময়ের সর্বোচ্চ ব্যবহার যেন নিশ্চিত হয় সেই উদ্দেশ্যে আরও আধবেলা পিতামাতা-শিক্ষক বৈঠক অনুষ্ঠানের অনুমোদন দেয়া হবে না।

এই চিঠিতে যেসব পিতামাতা-শিক্ষক বৈঠকের কথা বলা হয়েছে সেগুলো কোন অবস্থাতেই অন্যান্য ধরনের পিতামাতা-শিক্ষক বৈঠকের সংখ্যা সংকুচিত করার হেতু হতে পারবে না। উল্লিখিত পিতামাতা-শিক্ষক বৈঠকগুলোর বাইরে, গ্রেডের ব্যবহার, ক্লাস, গাইডেন্স ও স্বতন্ত্র যেসব বৈঠক রয়েছে, যেমন ব্যক্তি শিক্ষা কর্মসূচি (আইইপি), পিতামাতা ও স্কুল কর্মকর্তাদের মধ্যে বিশেষ শিক্ষার শিক্ষার্থী সম্পর্কিত বৈঠক, সেগুলোও খুব ভাল অনুশীলন এবং সারা স্কুল বছরেই এগুলোকে উৎসাহিত করতে হবে।

স্কুলের অন্যান্য সফর কর্মসূচি বা পরিবহন পরিষেবা ও পূর্বনির্ধারিত অনুষ্ঠানজনিত সীমাবদ্ধতার অজুহাতে স্কুলগুলোর এই স্মারকে উল্লিখিত সিটিব্যাপী বৈকালিক বৈঠকের সূচির বরখেলাপ করা উচিত নয়। যদি আলাদাভাবে কোন কোন পিতামাতার তারিখ ও সময়-ঘটিত সমস্য থাকে, তাদেরকে পাস্পরিক সুবিধাজনক সময়ে পিতামাতা-শিক্ষক বৈঠক অনুষ্ঠানের জন্য উৎসাহিত করা উচিত।

## ৩.	২০০৭-২০০৮ পিতামাতা-শিক্ষক বৈঠকের তারিখ

সন্ধ্যা*	বিকাল

প্রাথমিক স্কুল, শরৎ ২০০৭

*বুধবার, নভেম্বর ১৪, ২০০৭ – সন্ধ্যা	মঙ্গলবার, নভেম্বর ১৩, ২০০৭ – বিকাল

প্রাথমিক স্কুল, বসন্ত ২০০৮

*বুধবার, মার্চ ১২, ২০০৮ – সন্ধ্যা	বৃহস্পতিবার, মার্চ ১৩, ২০০৮ – বিকাল

ইন্টারমিডিয়েট ও জুনিয়র হাই স্কুল, শরৎ ২০০৭

*সোমবার, নভেম্বর ১৯, ২০০৭ – সন্ধ্যা	মঙ্গলবার, নভেম্বর ২০, ২০০৭ – বিকাল

ইন্টারমিডিয়েট ও জুনিয়র হাই স্কুল, বসন্ত ২০০৮

*বুধবার, ফেব্রুয়ারি ২৭, ২০০৮ – সন্ধ্যা	বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৮, ২০০৮ – বিকাল

হাই স্কুল, শরৎ ২০০৭

*বৃহস্পতিবার, অক্টোবর ২৫, ২০০৭ – সন্ধ্যা	শুক্রবার, অক্টোবর ২৬, ২০০৭ – বিকাল

হাই স্কুল, বসন্ত ২০০৮

*বৃহস্পতিবার, এপ্রিল ৩, ২০০৮ – সন্ধ্যা	শুক্রবার, এপ্রিল ৪, ২০০৮ – বিকাল

**ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি, শরৎ ২০০৭

*বুধবার, নভেম্বর ৭, ২০০৭ – সন্ধ্যা	বৃহস্পতিবার, নভেম্বর ৮, ২০০৮ – বিকাল

**ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচি, বসন্ত ২০০৮

*সোমবার, মার্চ ৩১, ২০০৮ – সন্ধ্যা	মঙ্গলবার, এপ্রিল ১, ২০০৮ – বিকাল

*স্কুলগুলো ***সান্ধ্য*** বৈঠকের ক্ষেত্রে তালিকায় উল্লিখিত তারিখের ব্যতিক্রম ঘটাতে পারে। তারিখ ও সময় পিতামাতাদের অংশগ্রহণের জন্য সুবিধাজনক হতে হবে, পিতামাতাদের কাজের সময়ের কথা বিবেচনায় নিয়ে উপস্থিতির সময় সাড়ে ৫টার আগে হওয়া উচিত হবে না এবং এই তথ্য অবশ্যই ফাইলে থাকতে হবে। পিতামাতাদের কমপক্ষে চার সপ্তাহ আগে বৈঠকের বিজ্ঞপ্তি পেতে হবে। (যখন প্রয়োজন হবে, স্কুলের ছেলেমেয়েদের ব্যবহৃত ভাষাসমূহে বিজ্ঞপ্তি অনুবাদ করে দেয়া উচিত।) ***বিকালের তারিখগুলো বদল করা যাবে না***। এটাও মনে রাখতে হবে যে ***সান্ধ্য*** বৈঠকের জন্য ***আড়াই ঘণ্টার সময়সীমা*** আবশ্যক। সান্ধ্য বৈঠকের কমপক্ষে একসপ্তাহ আগে নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাগ্রহণের জন্য অনুরোধ জানানর কথা প্রিন্সিপ্যালদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে। পাবলিক স্কুলের জায়গায় আধাবেলার প্রিকিন্ডারগার্টেন কর্মসূচির জন্য

নিচের সেকশন ৬ দেখুন।

**ডিস্ট্রিক্ট ৭৫-ভুক্ত নয় এরকম স্কুলে পরিচালিত ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচিগুলোকে সেই স্কুলস্তরের জন্য উপরে পিতামাতা-শিক্ষক বৈঠক অনুষ্ঠানের জন্য বৈকালিক/সান্ধ্য সূচি দেয়া হয়েছে সেই সময় মেনে চলতে হবে। স্বনিয়ন্ত্রিত ডিস্টিক্ট ৭৫ স্কুল সংগঠনগুলো ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল কর্মসূচির পিতামাতা-শিক্ষক বৈঠকের জন্য নির্ধারিত বৈকালিক/সান্ধ্য সূচি (উপরে দেখুন) অনুসরণ করতে হবে।

আরও দ্রষ্টব্য: যেসব স্কুলে একটির বেশি নির্দেশনা স্তরের (এলিমেন্টারি, মিড্‌ল্‌, হাই স্কুল) গ্রেড রয়েছে, সেগুলোকে ২০০৭-২০০৮ স্কুলবর্ষ শুরু হওয়ার আগেই নির্দিষ্ট একটি সেটের তারিখ বেছে নিয়ে ফাইলে রাখতে হবে।

৪. বৃহস্পতিবার, অক্টোবর ২৫, ২০০৭ ও বৃহস্পতিবার, এপ্রিল ৩, ২০০৮ তারিখে নৈশ কার্যক্রম বাতিল প্রসঙ্গে

যেসব স্কুলে সান্ধ্য বৈঠক অনুষ্ঠিত হবে সেগুলোর অ্যাডাল্ট অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন (বয়স্ক শিক্ষা) কার্যক্রম বাতিল করা হবে।

৫. বিকালের বৈঠকের জন্য পরিবহন পদ্ধতি

বিকালের পিতামাতা-শিক্ষক বৈঠকের জন্য দুঘণ্টার স্কুল সময় নির্ধারিত হয়েছে। সাধারণত এই দুঘণ্টার জন্য শিক্ষার্থীদের স্কুল থেকে ছুটি দেয়া হয়।

নিয়মিত ক্লাসে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে তাদের ছুটির সময়সূচি অনুযায়ী বাস পরিবহন দিতে হবে। শিক্ষার্থীদের ছুটির সময় হবে সেদিনটির জন্য নিয়মিত ছুটির সময়ের তিন ঘণ্টা আগে।

পরিবহন ও লাঞ্চের সূচি পরিবর্তন করা এবং তা পিতামাতাদের অবহিত করার জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে।

৬. পাবলিক স্কুলের স্থানে আধাবেলা প্রিকিন্ডারগার্টেন কর্মসূচির সূচি প্রণয়ন

বৈকালিক পিতামাতা-শিক্ষক বৈঠকের তারিখগুলোর জন্য আগের বছরগুলোর অনুরূপ ব্যবস্থাগ্রহণ করতে হবে। ***শরৎকালীন বিকালের তারিখে***, সকালের কর্মসূচির শিক্ষার্থীরা স্কুলে আসবে এবং বিকালের কর্মসূচির শিক্ষার্থীরা সেদিন স্কুলে আসবে না। ***বসন্তকালীন বিকালের তারিখে***, বিকালের কর্মসূচির শিক্ষার্থীরা সকালে ক্লাস করবে এবং সকালের কর্মসূচির শিক্ষার্থীরা সেদিন স্কুলে আসবে না। শরৎকালীন ও বসন্তকালীন অধিবেশনগুলো হবে সমান সময়ের। (কম্যুনিটিভিত্তিক সংগঠনসমূহের স্থানে পরিচালিত চুক্তিবদ্ধ ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন কর্মসূচিগুলো, পূর্ণকাল বা খণ্ডকাল যাই হোক না কেন, চুক্তিমাফিক বরোর কাছে জমা দেয়া নিজ নিজ ক্যালেন্ডার অনুসরণ করবে।)

৭. ২০০৭-২০০৮ পিতামাতা-শিক্ষক বৈঠক সম্পর্কিত রিপোর্ট

সংযুক্ত ফরমে প্রিন্সিপ্যালদের নিচের তথ্য ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসে ডার্লেন স্যানচেজ (dsanche2@schools.nyc.gov) বরাবর পাঠাতে হবে:

৭.১ শরৎকালীন বৈকালিক বৈঠকে উপস্থিত পিতামাতাদের সংখ্যা।
৭.২ শরৎকালীন সান্ধ্য বৈঠকে উপস্থিত পিতামাতাদের সংখ্যা।
৭.৩ বসন্তকালীন বৈকালিক বৈঠকে উপস্থিত পিতামাতাদের সংখ্যা।
৭.৪ বসন্তকালীন সান্ধ্য বৈঠকে উপস্থিত পিতামাতাদের সংখ্যা।
৭.৫ শরৎকালীন পিতামাতা-শিক্ষক বৈঠকের আগে পিতামাতাদের কাছে বিলি করা রিপোর্ট কার্ডের সংখ্যা।
৭.৬ বসন্তকালীন পিতামাতা-শিক্ষক বৈঠকের দিন পিতামাতাদের কাছে বিলি করা রিপোর্ট কার্ডের সংখ্যা।
৭.৭ শরৎ ও বসন্তকালীন পিতামাতা-শিক্ষক বৈঠকের দিন পিতামাতাদের কাছে বিলি করা রিপোর্ট কার্ডের সংখ্যা।

প্রিন্সিপ্যালদের কাছ থেকে শরৎকালীন তথ্য ***শুক্রবার, ডিসেম্বর ১৪, ২০০৭*** এবং বসন্তকালীন তথ্য ***শুক্রবার, মে ৯, ২০০৮*** তারিখের মধ্যে ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসের লাভ করা আবশ্যক। এই তথ্য ফাইলে রাখতে হবে।

প্রিকিন্ডারগার্টেনের ছেলেমেয়েদের শিক্ষার্থী পরিবহন সংক্রান্ত প্রশ্নের ক্ষেত্রে, স্কুলগুলোকে 718-482-3800 নম্বরে ফোন করতে হবে।
অন্যান্য সকল শিক্ষার্থী পরিবহন সংক্রান্ত প্রশ্নের ক্ষেত্রে 718-392-8855 নম্বরে ফোন করা আবশ্যক।
পিরিয়ড অ্যাটেনডেন্স রিপোর্ট (পিএআর) প্রকাশ ও এসম্পর্কিত সমস্যা-সংক্রান্ত প্রশ্নের ক্ষেত্রে পিউপল্ অ্যাকাউন্টিং সেক্রেটারি/উপস্থিতি কর্মী পিএআর ইউনিটের সংযোগ কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন।
সীমিত ইংরেজি জানেন বা ইংরেজিভাষী নন এমন পিতামাতাদের সাথে ভালভাবে যোগাযোগ করার জন্য স্কুলভিত্তিক কর্মকর্তাদের বিকালে ও সন্ধ্যায় পিতামাতা-শিক্ষক বৈঠকে ফোনে দোভাষী পরিষেবা দেয়ার উদ্দেশ্যে 718-752-7373 এক্সটেনশন 4 নম্বরে ডিওই এর অনুবাদ ও দোভাষ ইউনিটে ফোন করা আবশ্যক। সান্ধ্য বৈঠকের তারিখে এসব পরিষেবা রাত সাড়ে ৮টা পর্যন্ত পাওয়া যাবে।
এই স্মারক সংক্রান্ত অন্যান্য সকল প্রশ্ন (212) 374-2323 নম্বরে ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস বরাবর করতে হবে।
আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।
সংযুক্তি: ২০০৭-২০০৮ পিতামাতা-শিক্ষক বৈঠক সম্পর্কিত প্রতিবেদনের ফরম

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
JOEL I. KLEIN, *Chancellor*

OFFICE OF THE CHANCELLOR
52 Chambers Street - New York, NY 10007

Report on 2007-2008 Parent-Teacher Conferences

Directions: Please complete this form and forward to Darlene Sanchez (dsanche2@schools.nyc.gov) at the Office for Family Engagement and Advocacy or fax: 212-374-0138). The due dates are Friday December 14, 2007 for the Fall Term report, and Friday May 9, 2008, for the Spring Term Report. For questions, please contact the appropriate School Support Organization or the Office for Family Engagement and Advocacy at 212-374-2323.

School DBN: ____________ Principal: ______________________

Reporting Period (Circle one): Fall Spring

Grade Level (Circle one): Elementary Middle High K-8 K-12 Other_________

Total Student Enrollment: ________

Date of Afternoon Conference: _______ Date of Evening Conference: _____

Number of parents/caregivers in attendance for afternoon conferences: _____________

Number of parents/caregivers in attendance for evening conferences: ___________

Number of ENGLISH report cards distributed before the conference date: _____________

Number of ENGLISH report cards distributed on the conference date: ___________

Number of TRANSLATED report cards distributed before the conference date: __________

Number of TRANSLATED report cards distributed on the conference date: ____________

(Translated report cards for all grads are available on the DOE's Intranet at http://www.nycboe.net/AdminOrg/Offices/TeachingLearning/ReportCards.aspx)